

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৮৫০০.০১৭.২৭.০০২.১৭. ৪৬

তারিখ : ০৪ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।

বিষয় : রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আনিছুর রহমান এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, রংপুর কার্যালয়ের স্মারক নং-৪৮৩(১)১, তারিখ : ২৪/১১/১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আনিছুর রহমানের বিরুদ্ধে ২০১৫-২০১৬ অর্থ বছরে ভুয়া প্রকল্প দেখিয়ে এলজিএসপি:২ এর ১ম কিস্তির ৬,০৬,৮৭৫/- এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের দ্বিতীয় কিস্তির জন্য বরাদ্দকৃত সমুদয় অর্থ ৯,৮৯,৫২৩/- টাকা কাজ না করে বিধি বহির্ভূতভাবে উত্তোলন করে আত্মসাত করার অভিযোগ প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) এর ক্ষমতাবলে তার স্বীয় পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

০২। এক্ষণে, উল্লিখিত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) মোতাবেক কেন জনাব মোঃ আনিছুর রহমানকে রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব

৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ আনিছুর রহমান
চেয়ারম্যান
রায়পুর ইউনিয়ন পরিষদ
পীরগঞ্জ, রংপুর।

অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক, রংপুর (উল্লিখিত চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক চেয়ারম্যানের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।